

7051 - শাবান মাসের সর্বশেষ দিনে ভোজানুষ্ঠান ও সাথে লোকগীতি উপলক্ষে একত্রিত হওয়া

প্রশ্ন

কিছু ফ্যামিলি শাবান মাসের শেষ রাতে একত্রিত হয়। তারা খাবারদাবার প্রস্তুত করে। কিছু বয়স্ক ব্যক্তি এ উপলক্ষকে কেন্দ্র করে কিছু লোকগীতি পেশ করেন। এ ধরনের সম্মিলন ও ভোজের হুকুম কী?

প্রিয় উত্তর

আমরা এ প্রশ্নটি শাইখ মুহাম্মাদ বিন সালেহ আল-উছাইমীনের কাছে পেশ করেছি। জবাবে তিনি বলেন: আমি মনে করি, এ কর্মটি বিদাতের অধিক নিকটবর্তী এবং বৈধ হওয়ার পরিবর্তে হারাম হওয়ার অধিক কাছাকাছি। কেননা এটাকে ঈদ (দিবস পালন) হিসেবে গ্রহণ করা হচ্ছে। যদি হঠাৎ করে কোন একবার পালন করা হয় তাহলে এতে কোন অসুবিধা নেই।

সারকথা কী?

জবাব: আমরা এ ধরনের কর্ম থেকে নিষেধ করব।[সমাপ্ত]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।